**প্রকাশকাল**
প্রথম প্রকাশ
জুন ২০২৫

**প্রকাশনায়**
GAP ইউনিট
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

**সহযোগিতায়**
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)

**কভার ডিজাইন**
মোহাম্মদ নাজমুল ইসলাম
গ্রাফিক্স ডিজাইনার, বিএআরসি

**মুদ্রণ**

**অর্থায়নে**
"Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER)", APCU-BARC.

**ISBN:**

**Citation**
Salam, M.A., Moni, Z.R., Islam, M.R., Rahman, A.K.M.Z., Ali, M.S., Hassan, M.S. and Karim, N.N. 2025. Bangladesh GAP Protocol: Snake gourd, GAP Unit, Crops Division, Bangladesh Agricultural Research Council. 39p.

# সূচিপত্র


১.০। ভূমিকা (Introduction)........................................................................ ১

২.০। GAP প্রোটোকল প্রণয়ন ও ব্যবহার পদ্ধতি (Procedure of GAP Protocol Development and Practices)........................................................................ ৩

৩.০। GAP প্রোটোকলের আলোকে চিচিঙ্গা উৎপাদনের অনুমোদিত পদ্ধতি (Recommended Procedures of Snake Gourd Production Based on GAP Protocol)............................. ৩

৩.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা (Site History and Management) ...................... ৩

৩.২। বংশ বিস্তারের উপাদান: বপন/রোপণ সামগ্রী (Propagation/planting Material) ........ ৪

৩.৩। চিচিঙ্গা উৎপাদনে গুরুত্বপূর্ণ কৃষিতাত্ত্বিক বিষয়সমূহ (Important Agronomic Practices for Snake Gourd Production)........................................................................ ৪

৩.৩.১ জলবায়ু ও মাটি (Climate and soil)........................................................ ৪

৩.৩.২ মাটির গুণাগুণ (Soil quality) .................................................................. ৫

৩.৩.৩ জাত নির্বাচন (Selection of variety)........................................................ ৫

৩.৩.৪ বীজের হার (Seed rate) ........................................................................ ৫

৩.৩.৫ বীজ শোধন (Seed treatment)................................................................ ৬

৩.৩.৬ বীজ বপনের উপযুক্ত সময় (Optimum time of seed sowing).................... ৬

৩.৩.৭ চারা উৎপাদন (Seedling raising) ........................................................ ৬

৩.৩.৮ চারার বয়স (Seedling age) ................................................................ ৬

৩.৩.৯ জমি তৈরি ও চারা রোপণ পদ্ধতি (Land preparation and seedling planting) ৬

৩.৩.১০ অন্তর্বর্তী পরিচর্যা (Intercultural operation).............................................. ৬

৩.৩.১০.১ নেট দিয়ে বেড়া দেওয়া (Fencing by net) ........................................ ৬

৩.৩.১০.২ মাচা দেওয়া (Making trellis)............................................................ ৭

৩.৩.১০.৩ পলিথিন মালচ ব্যবহার (Use of polythene mulch) .................. ৭

৩.৩.১০.৪ আগাছা দমন (Weed management)...................................... ৭

৩.৩.১০.৫ বিশেষ পরিচর্যা (Special management) ................................ ৭

৩.৩.১১ চিচিঙ্গা সংগ্রহ ও ফলন (Crop harvest and yield) ................................ ৭

৩.৪। সার এবং মাটির পুষ্টি ব্যবস্থাপনা (Fertilizers and Soil Nutrient Management)....... ৭

৩.৫। পানির গুণাগুণ ও সেচ (Water Quality and Irrigation) .................................. ৯

৩.৬। রাসায়নিক দ্রব্যের (উদ্ভিদ সংরক্ষণ উপাদান অথবা কৃষিজ ও অকৃষিজ রাসায়নিক) ব্যবহার (Chemical Uses: Plant Protection Products or Other Agro and Non-agrochemicals) ১০

৩.৭। ক্ষতিকর পোকামাকড় ব্যবস্থাপনা (Management of Insect Pests)

৩.৭.১ ফলের মাছি পোকা (Fruit fly)................................................................ ১৩

৩.৭.২ পামকিন বিটল (Red pumpkin beetle) .................................................... ১৪

৩.৭.৩ এপিল্যাকনা বিটল (Epilachna beetle) ........................................................ ১৫
৩.৭.৪ জাব পোকা (Aphid) .............................................................................. ১৬
৩.৮। প্রধান প্রধান রোগ দমন ব্যবস্থাপনা (Management of Major Diseases)..................... ১৭
৩.৮.১ পাউডারি মিলডিউ (Powdery mildew) .................................................. ১৭
৩.৮.২ এ্যানথ্রাকনোজ বা ফল পচা (Anthracnose/fruit rot) .................................... ১৮
৩.৮.৩ মোজাইক ভাইরাস (Mosaic virus) রোগ................................................. ১৯
৩.৮.৪ শিকড়ের গিঁট কৃমি (Root knot nematode) রোগ ..................................... ২০
৩.৯। ফসল সংগ্রহ এবং সংগ্রহত্তোর ব্যবস্থাপনা (Crop Harvest and Post-harvest Management)........................................................................................ ২১
৩.১০। চিচিঙ্গার সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ (Postharvest Management and Marketing of Snake Gourd) ....................................................................... ২২
৩.১০.১ বাছাইকরণ ও গ্রেডিং (Sorting and grading) ............................................ ২২
৩.১০.২ প্যাকেজিং (Packaging) ........................................................................... ২৩
৩.১০.৩ সংরক্ষণ (Storage).................................................................................... ২৩
৩.১০.৪ পরিবহন (Transportation)......................................................................... ২৩
৩.১০.৫ বাজারজাতকরণ (Marketing)..................................................................... ২৩
৩.১১। সন্ধানযোগ্যতা ও পণ্য প্রত্যাহার করা (Traceability and recall) ........................... ২৩
৩.১২। কর্ম পরিবেশ ও ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (Working Environment and Personal Hygiene) ........................................................................................................ ২৪
৩.১৩। শ্রমিক কল্যাণ (Workers Welfare) ............................................................. ২৪
৩.১৪। প্রশিক্ষণ (Training)...................................................................................... ২৫
৩.১৫। ডকুমেন্টস এবং রেকর্ডস (Documents and Records) ...................................... ২৫
৩.১৬। বর্জ্য ব্যবস্থাপনা (Waste Management)............................................................ ২৫
৩.১৭। শক্তির দক্ষতা (Energy Efficiency) ................................................................ ২৫
৩.১৮। জীব বৈচিত্র্য (Biodiversity)............................................................................ ২৫
৩.১৯। বাতাস/শব্দ (Air/Noise) ................................................................................ ২৫
৩.২০। চর্চার পর্যালোচনা (Review of Practices) ....................................................... ২৬
৩.২১। পণ্যমান পরিকল্পনা (Produce Quality Plan).................................................... ২৬
৩.২২। GAP প্রোটোকল অনুসরণে দলগতভাবে চিচিঙ্গা উৎপাদনে বিবেচ্য বিষয়সমূহ (Points to be Considered in the GAP Protocol for Group Production/ Certification of Snake Gourd) ..................................................................................... ২৬
৪.০। উপসংহার (Conclusion) ..................................................................................... ২৯
৫.০ তথ্যসূত্র (References) ......................................................................................... ২৯

চিচিঙ্গা (Snake Gourd, *Trichasanthes cucumerina* var. *anguina* L.) cucurbitaceae পরিবারভুক্ত একটি গুরুত্বপূর্ণ সবজি। চিচিঙ্গা একটি মনোশিয়াস এবং অত্যন্ত পর-পরাগায়িত বর্ষজীবী, দিন নিরপেক্ষ ভেষজ এবং আরোহী প্রকারের সবজি ফসল। চিচিঙ্গা গ্রীষ্মের অন্যতম প্রধান সবজি। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে পুষ্টি সমস্যা সমাধানের জন্য চিচিঙ্গা একটি গুরুত্বপূর্ণ সবজি। পুষ্টির দিক থেকে চিচিঙ্গাকে পুষ্টি সমৃদ্ধ ফল সবজি হিসেবে বিবেচনা করা যেতে পারে। খনিজ, ফাইবার এবং পুষ্টির একটি ভাল উৎস হিসাবে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে (Ahmed *et. al.,* 2000)। এতে যথেষ্ট পরিমাণে কার্বোহাইড্রেট, প্রোটিন, চর্বি, ফাইবার, ক্যালোরি, প্যান্টোথেনিক অ্যাসিড, ভিটামিন-বি৬, ভিটামিন-সি, ভিটামিন-ই, ক্যালসিয়াম, কপার, ফ্লোরেট, রিবোফ্লাভিন, থায়ামিন ও সোডিয়াম রয়েছে (Gopalan *et. al.,*1982)।

স্থানীয় জাতের ফলন বাড়ার সম্ভাবনা এবং ভবিষ্যতে ব্যবহারের জন্য চিচিঙ্গার জিনগত বৈচিত্র্য (Ahmed *et al.,* 2000 and Rahman, 2004) থাকার ফলে দেশে কিছু মুক্ত পরাগায়িত জাত উদ্ভাবিত হয়েছে যেমন: জুমলং, পরাগ-৩৫, তাপসী, সুরমা ইত্যাদি। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট একটি উন্নত মুক্ত পরাগী জাত বারি চিচিঙ্গা-১ হিসেবে অবমুক্ত করেছে। এছাড়া গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বিইউ চিচিঙ্গা-১ এবং বেসরকারি বীজ কোম্পানি লাল তীর পদ্মা নামের হাইব্রিড চিচিঙ্গার জাত উদ্ভাবন করেছে। চিচিঙ্গার উৎপাদন মাত্র ৩-৪ মাসের মধ্যে সীমাবদ্ধ নয়, বাংলাদেশে তীব্র শীত ছাড়া সারাবছরই চাষ করা যায়। সাধারণত মাঠ ও বসতবাড়ির বাগানে মার্চ থেকে অক্টোবর পর্যন্ত ভালো জন্মে। বাংলাদেশে যখন সবজির ঘাটতি থাকে তখন খরিফের প্রথম দিকে এটি সবজির চাহিদা মিটিয়ে থাকে। ২০২১-২২ সালে ৭,৯৮৯ হেক্টর জমিতে চিচিঙ্গার চাষ হয় যার মোট উৎপাদন ছিল ৪৮,১৯৩ মেট্রিক টন এবং জাতীয় গড় উৎপাদন ৬.০৪ মেট্রিক টন/হেক্টর (বিবিএস, ২০২৩)। বাংলাদেশে চিচিঙ্গার এই কম ফলনের জন্য বেশ কিছু কারণ রয়েছে। কম তাপমাত্রা ও শীতকালে শুষ্ক আবহাওয়া এবং উচ্চ তাপমাত্রা ও গ্রীষ্মকালে ভারী বৃষ্টিপাত চিচিঙ্গার ফলনে বাধা দেয়। এ লক্ষ্যে চিচিঙ্গার উৎপাদনশীলতা অনেকাংশে বাড়ানোর জন্য উন্নত জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবনের প্রচেষ্টা চলমান আছে। অন্যদিকে, যদি আমাদের দেশে কৃষক ও উদ্যোক্তা পর্যায়ে উত্তম কৃষি চর্চা ব্যবহার করা হয় তাহলে ফলন বাড়ানোর পাশাপাশি নিরাপদ খাদ্য উৎপাদন সম্ভব হবে। বর্তমানে জনগণের আর্থসামাজিক অবস্থা উন্নতির ফলে অনেকেই স্বাস্থ্য সচেতন হচ্ছে যার ফলে নিরাপদ খাদ্য উৎপাদনের প্রয়োজনীয়তা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আবার উত্তম কৃষি চর্চা ব্যবহারের মাধ্যমে কৃষকের উৎপাদিত পণ্যের দাম বৃদ্ধি পাবে, আয় বাড়বে এবং তাদের আর্থসামাজিক অবস্থার উন্নতি হবে।

পৃথিবীর বিভিন্ন দেশ উত্তম কৃষি চর্চা অনুসরণ করে পুষ্টি মানসম্মত নিরাপদ চিচিঙ্গা উৎপাদন করছে। বাংলাদেশে এর বাস্তবায়ন শুরু হয়েছে। কৃষি পণ্যের খাদ্যমান অক্ষুণ্ন রেখে, বিশ্ববাজারে রপ্তানির অবস্থান সুনিশ্চিতকরণে আমাদের দেশের চিচিঙ্গা উৎপাদন ও বিপণনে উত্তম কৃষি চর্চা অনুসরণ করা প্রয়োজন। বাংলাদেশ উত্তম কৃষি চর্চা মানদণ্ডের আলোকে চিচিঙ্গার GAP প্রোটোকল ১৮টি উপাদানের ভিত্তিতে প্রণীত এবং এর প্রত্যেকটি উপাদানই GAP এর প্রয়োজনীয়তাকে ব্যাখ্যা করে।

### ৩.৩.২ মাটির গুণাগুণ (Soil quality)

সব রকমের মাটিতেই চিচিঙ্গা চাষ করা যেতে পারে তবে জৈব পদার্থ সমৃদ্ধ দোঁ-আশ ও বেলে দোঁ-আশ মাটিতে ভালো জন্মে।

### ৩.৩.৩ জাত নির্বাচন (Selection of variety)

বারি চিচিঙ্গা-১, বিইউ চিচিঙ্গা-১, জুমলং, পরাগ-৩৫, তাপসী, তিস্তা, রানার, ঢাকা গ্রীন, তুরাগ, রূপসা, সুরমা, আশা, রৌশনী ও পদ্মা ইত্যাদি জাত উল্লেখযোগ্য। অন্যান্য উৎস হতে অনুমোদিত জাতের ক্ষেত্রে এ প্রোটোকল একইভাবে ব্যবহৃত হবে।

#### ৩.৩.৩.১ বারি চিচিঙ্গা-১

'বারি চিচিঙ্গা-১' একটি উচ্চ ফলনশীল জাত এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতি গাছে ৬৫-৭০টি চিচিঙ্গা পাওয়া যায় এবং প্রতি চিচিঙ্গার গড় ওজন ১৬০-১৬৫ গ্রাম। ফল সাধারণত ১৬০-১৭০ দিন পর্যন্ত সগ্রহ করা যায়। ফলন ২০-২৫ টন/হেক্টর।

#### ৩.৩.৩.২ বিইউ চিচিঙ্গা-১

'বিইউ চিচিঙ্গা-১' একটি উচ্চ ফলনশীল সাদা রঙের জাত যা গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় হতে উদ্ভাবন করা হয় এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতি গাছে ৭০-৭৫টি চিচিঙ্গা পাওয়া যায় এবং প্রতি চিচিঙ্গার গড় ওজন ১৯০-১৯৫ গ্রাম। ফল সাধারণত ১৬০-১৬৫ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফলন ২৫-৩০ টন/হেক্টর।

#### ৩.৩.৩.৩ পদ্মা

পদ্মা লাল তীর বীজ কোম্পানী উদ্ভাবিত একটি উচ্চ ফলনশীল হাইব্রিড জাত এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতি গাছে ৮০-৮৫টি চিচিঙ্গা পাওয়া যায় এবং প্রতি চিচিঙ্গার গড় ওজন ১৭৫-১৮০ গ্রাম হয়ে থাকে। ফল সাধারণত ১৬০-১৭০ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফলন ৩০-৩২ টন/হেক্টর।

#### ৩.৩.৩.৪ রানার

জামালপুর সীডস কর্তৃক থাইল্যান্ড হতে আমদানিকৃত রানার একটি উচ্চ ফলনশীল হাইব্রিড জাত এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতিটি ফল লম্বায় ৪০-৪৫ সেমি ও প্রতি গাছে ৮০-৯০ টি চিচিঙ্গা পাওয়া যায় এবং প্রতি চিচিঙ্গার গড় ওজন ২০০-৩০০ গ্রাম হয়ে থাকে। সাধারণত বীজ বপনের ৫০ দিন পর হতে ফল সংগ্রহ করা যায়। ফলন ৩২-৩৫ টন/হেক্টর।

যেকোন অনুমোদিত জাতের ক্ষেত্রে এ প্রোটোকল একইভাবে অনুসরণযোগ্য।

### ৩.৩.৪ বীজের হার (Seed rate)

অঙ্কুরোদগমের হার ৯০% এবং প্রতিষ্ঠার হার ৮০% বিবেচনায় হেক্টর প্রতি ৩-৪ কেজি (১০-১৫ গ্রাম/শতাংশ) বীজের প্রয়োজন হয়।

### ৩.৩.৫ বীজ শোধন (Seed treatment)

ছত্রাক বাহিত রোগ থেকে মুক্ত থাকার জন্য বীজ বপনের পূর্বে ছত্রাকনাশক দিয়ে শোধন করা উচিত। বহুল ব্যবহৃত ছত্রাকনাশক হল: কার্বোক্সিন ও থিরাম গ্রুপের প্রোভেক্স ৭৫ ডাব্লিউ পি এবং ব্যবহারের মাত্রা ২-৩ গ্রাম/কেজি বীজ। তাছাড়া কার্বেন্ডাজিম গ্রুপের ছত্রাক নাশক অটোস্টিন ৫০ ডাব্লিউডিজি/কাজিম ৮০ ডাব্লিউজিও ব্যবহার করা যায়।

### ৩.৩.৬ বীজ বপনের উপযুক্ত সময় (Optimum time of seed sowing)

এদেশে চিচিঙ্গা প্রধানত খরিফ-১ ও ২ উভয় মৌসুমেই চাষ হয়ে থাকে। ফেব্রুয়ারি থেকে আগস্ট মাসের মধ্যে যেকোন সময় চিচিঙ্গার বীজ বপনের উপযুক্ত সময়। তবে খরিফ-১ মৌসুমে গাছের বৃদ্ধি ও ফলন বেশি হয়ে থাকে।

### ৩.৩.৭ চারা উৎপাদন (Seedling raising)

চিচিঙ্গার বীজ সরাসরি মাদায় বপন করা যায়। এক্ষেত্রে প্রতি মাদায় ১টি বীজ বপন করতে হবে। তাছাড়া পলিব্যাগে (১০ X ১২ সেমি) ১৫-২০ দিন বয়সের চারা উৎপাদন করা যায়। চিচিঙ্গার জন্য ১.৫ মিটার দূরত্বে মাদা তৈরি করতে হবে। চারা গজানোর পর একের অধিক গাছ তুলে ফেলে দিতে হবে। বীজের ত্বক শক্ত ও পুরু বিধায় বপনের পূর্বে বীজ ২৪ ঘণ্টা পানিতে ভিজিয়ে নিলে বীজ তাড়াতাড়ি অঙ্কুরিত হয়।

### ৩.৩.৮ চারার বয়স (Seedling age)

গজানোর পর চারার বয়স ১২-১৪ দিন অথবা ৪-৫ পাতা বিশিষ্ট হলে মূল জমিতে চারা রোপণ করতে হবে। চারা রোপণের পর কোন চারা মারা গেলে তা পুনরায় সেই জাতের চারা দিয়ে প্রতিস্থাপন করতে হবে।

### ৩.৩.৯ জমি তৈরি ও চারা রোপণ পদ্ধতি (Land preparation and seedling planting)

বাণিজ্যিকভাবে চাষের জন্য প্রথমে সম্পূর্ণ জমি ৪-৫ বার চাষ ও মই দিয়ে ভালোভাবে প্রস্তুত করে নিতে হবে যাতে শিকড় সহজেই ছড়াতে পারে। জমি বড় হলে নির্দিষ্ট দূরত্বে নালা কেটে লম্বায় কয়েক ভাগে ভাগ করে নিতে হবে। বেডের প্রস্থ হবে ১.০ মিটার এবং দু-বেডের মাঝে ৫০ সেমি নালা থাকবে। মাদায় বীজ বপন বা চারা রোপণ করতে হলে অন্তত ১০ দিন আগে মাদায় নির্ধারিত সার প্রয়োগ করে তৈরি করে নিতে হবে। প্রতিটি মাদার আয়তন হবে ৪০ × ৪০ × ৪০ সেমি। মাদায় চারা রোপণের পূর্বে সার দেয়ার পর পানি দিয়ে মাদার মাটি ভালভাবে ভিজিয়ে দিতে হবে। অতঃপর মাটিতে ‘জোঁ’ এলে চারা রোপণ করতে হবে (Azad *et al.,* 2020)।

### ৩.৩.১০ অন্তর্বর্তী পরিচর্যা (Intercultural operation)

#### ৩.৩.১০.১ নেট দিয়ে বেড়া দেওয়া (Fencing by net)

ফসলের নিরাপত্তা বিধান করার জন্য জমির চারদিকে নাইলন নেট দিয়ে বেড়া দিতে হবে, এতে ফসলকে গরু-ছাগল ও হাঁস-মুরগির আক্রমণ হতে রক্ষা করা যাবে। এরপর জমি ও ফসলের তথ্য সম্বলিত এটি সাইনবোর্ড দিতে হবে।

### ৩.৩.১০.২ মাচা দেওয়া (Making trellis)

চিচিঙ্গার অন্যতম প্রধান পরিচর্যা হলো বাউনি ও মাচা দেয়া। চারা লম্বায় ২০-২৫ সেমি হলেই ১.০-১.৫ মিটার উঁচু মাচা তৈরি ও বাউনির ব্যবস্থা করতে হবে। বাউনি দেয়ার জন্য বাঁশ ও বাঁশের কঞ্চি ব্যবহার করা উত্তম। বাউনি ও মাচা দিলে বেশি ফলন ও ফলের গুণগত মান ভালো হয়।

### ৩.৩.১০.৩ পলিথিন মালচ ব্যবহার (Use of polythene mulch)

চিচিঙ্গার জন্য পলিথিন মালচ ব্যবহার করা ভালো কারণ ইহা আগাছা জন্মাতে দেয় না, মাটিতে প্রয়োজনীয় পরিমাণ পানি বা আর্দ্রতা ধরে রাখে, মাটির তাপমাত্রা ঠিক রাখে এবং মাঠে শ্রমিক সংখ্যা কম লাগে।

### ৩.৩.১০.৪ আগাছা দমন (Weed management)

সময় মতো নিড়ানি দিয়ে আগাছা সবসময় পরিষ্কার করার সাথে সাথে মাটির চটা ভেঙ্গে দিতে হবে। জমির পানি নিকাশ নিশ্চিত করার জন্য বেড ও নিকাশ নালা সর্বদা পরিষ্কার করে রাখতে হবে। নিয়মিত আগাছা দমন করলে রোগ ও পোকার আক্রমণ কম হয়।

### ৩.৩.১০.৫ বিশেষ পরিচর্যা (Special management)

গাছের গোড়ার দিকে যে শাখা থাকে তা শোষক শাখা। শোষক শাখা হতে কোন ফলন হয় না বরং পুষ্টি উপাদান গ্রহণ করে থাকে। শোষক শাখা অপসারণের ফলে রোগ বালাই ও পোকা মাকড়ের আক্রমণ কম হয় এবং অন্তর্বর্তীকালীন পরিচর্যা সহজ হয়।

### ৩.৩.১১ চিচিঙ্গা সংগ্রহ ও ফলন (Crop harvest and yield)

সাধারণত ফুল ফোটার ১০-১২ দিনের মধ্যে নরম ও সবুজ অবস্থায় চিচিঙ্গা সংগ্রহ করা হয়। সংগ্রহের সময় পরিষ্কার, ধারালো ছুরি বা কাঁচি ব্যবহার করে সতর্কতার সাথে সংগ্রহ করতে হবে, যাতে গাছে বা ফলে আঘাত না লাগে। দিনের ঠাণ্ডা সময়ে সকাল বা বিকেলে সংগ্রহ করা উত্তম। সঠিক পদ্ধতিতে চাষাবাদ করলে চিচিঙ্গার ফলন হেক্টর প্রতি ২৫-৩০ টন (১১০-১২০ কেজি/শতাংশ) পাওয়া যায়।

## ৩.৪। সার এবং মাটির পুষ্টি ব্যবস্থাপনা (Fertilizers and Soil Nutrient Management)

৩.৪.১ চিচিঙ্গা আবাদের ক্ষেত্রে এবং মাটির উপযোগের সাথে সম্পর্কিত রাসায়নিক ও জৈবিক ঝুঁকি নির্ধারণ করা এবং কোন গুরুত্বপূর্ণ হ্যাজার্ড চিহ্নিত হলে তার তথ্যাদি সংরক্ষণ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৪.২ যদি হ্যাজার্ড চিহ্নিত হয় সেক্ষেত্রে ঝুঁকি সংক্রমণ নিরসনে প্রতিরোধ/প্রতিকারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.৪.৩ মাটি বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে ফসলের বিভিন্ন পর্যায় অনুযায়ী সার এবং মাটির উপযোগ (Additives) প্রয়োগ এমনভাবে করতে হবে, যাতে প্রবাহ (Run off) অথবা লিচিং এর মাধ্যমে পুষ্টির অপচয় রোধ করা সম্ভব হয়। গুরুত্বপূর্ণ

সারণি-১: চিচিঙ্গার জমিতে নিম্নে বর্ণিত হারে সার প্রয়োগ করতে হবে।

| সার | মোট সারের পরিমাণ | | শেষ চাষের সময় প্রয়োগ | | রোপনের ২০ দিন পর পর উপরি প্রয়োগ (৪ বার) | |
|---|---|---|---|---|---|---|
| | হেক্টরে | প্রতি মাদায় | হেক্টরে | প্রতি মাদায় | হেক্টরে | প্রতি মাদায় |
| কম্পোস্ট | ৫ টন | ১.২ কেজি | সব | সব | - | - |
| ইউরিয়া | ২১০ কেজি | ৫০ গ্রাম | - | - | ৫২.৫ কেজি | ১২.৫ গ্রাম |
| টিএসপি | ১৭৫ কেজি | ৪২ গ্রাম | সব | - | - | - |
| এমওপি | ১৫০ কেজি | ৩৬ গ্রাম | ৭৫ কেজি | ১৮ গ্রাম | ১৮.৭৫ কেজি | ৪.৫ গ্রাম |
| জিপসাম | ১০০ কেজি | ২৪ গ্রাম | সব | সব | - | - |
| জিংক সালফেট | ১২.৫ কেজি | ৩ গ্রাম | সব | সব | - | - |
| বোরাক্স | ১০ কেজি | ২.৪ গ্রাম | সব | সব | - | - |
| ম্যাগনেসিয়াম সালফেট | ৬০ কেজি | ১৪ গ্রাম | সব | সব | | |

গ্রাম: নূনাচরা, সীতাকুন্ড উপজেলা, চট্টগ্রাম জেলার মাটি বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে Fertilizer Recommendation Guide-2024, BARC এর সাথে সমন্বয় করে সারের মাত্রা নির্ধারণ করা হয়েছে। অন্য স্থানের ক্ষেত্রে ঐ এলাকার মাটি বিশ্লেষণের ফলাফল অনুযায়ী FRG-2024, BARC এর সাথে সমন্বয় করে সারের মাত্রা নির্ধারণ করতে হবে (Hossain *et al.,* 2024)।

### ৩.৪.১৫ সার প্রয়োগ পদ্ধতি (Method of fertilizer application)

জমি তৈরির সময় অর্থাৎ রোপণের ৭ দিন পূর্বে গর্তে সম্পূর্ণ গোবর বা ভার্মিকম্পোস্ট, টিএসপি, জিপসাম, বোরাক্স, জিংক সালফেট এবং ম্যাগনেসিয়াম সালফেট এবং ১/২ ভাগ এমওপি প্রয়োগ করতে হবে। চারা রোপণের পর উল্লিখিত হারে ইউরিয়া ও এমওপি সার ৪ বার উপরি প্রয়োগ করতে হবে।

### ৩.৫। পানির গুণাগুণ ও সেচ (Water Quality and Irrigation)

৩.৫.১ সেচ কার্যে ব্যবহৃত পানি ক্ষতিকর সংক্রমণ বা দূষণমুক্ত হতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৫.২ সংক্রমণের ঝুঁকি নির্ণয়ে নিয়মিত বিরতিতে অঞ্চল বা ফসলভিত্তিক পানি পরীক্ষা করে সরবরাহ নিশ্চিত করা এবং তথ্যাদি সংরক্ষণ করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.৫.৩ উল্লেখযোগ্য ঝুঁকি শনাক্ত হলে বিকল্প নিরাপদ উৎস হতে পানি ব্যবহার করা বা ব্যবহারের পূর্বে পানি শোধন করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৫.৪ অনাকাঙ্ক্ষিত কোন উৎস যেমন: শহরের বর্জ্য স্থাপনা, হাসপাতাল, শিল্প ও ডাম্পিং বর্জ্য ইত্যাদির পানি কৃষি জমিতে ব্যবহার এবং সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও বিপণন কাজে ব্যবহার করা যাবে না। পরিশোধিত পানি ব্যবহারের ক্ষেত্রে জাতীয় নীতি অনুসরণ করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.৫.৫ দেশের প্রচলিত আইন মেনে সেচ কাজে পানি সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করা এবং ব্যবহারের বিস্তারিত রেকর্ড যেমন: ফসল, তারিখ, স্থান, সেচের পরিমাণ অথবা সেচের সময়কাল লিপিবদ্ধ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৫.৬ ফসলের প্রকারভেদে পানির প্রাপ্যতা এবং মাটির আর্দ্রতার ওপর ভিত্তি করে সেচ প্রদান করা। সেচের তারিখ, স্থান, সময়কাল এবং পরিমাণ ইত্যাদি বিষয়ের বিস্তারিত রেকর্ড/তথ্যাদি সংরক্ষণ করতে হবে। সাধারণ

## ৩.৭। ক্ষতিকর পোকামাকড় ব্যবস্থাপনা (Management of Insect Pests)

### ৩.৭.১ ফলের মাছি পোকা (Fruit fly)

বৈজ্ঞানিক নাম: *Bactrocera cucurbitae* (Diptera: Tephritidae)



চিত্র: ফলের মাছি পোকা

#### ক্ষতির ধরণ (Nature of damage)

- মাছি পোকা সাধারণত কচি ফলে বেশি আক্রমণ করে।
- স্ত্রী মাছি তার লম্বা সরু ডিম পাড়ার নলের সাহায্যে কচি ফলের ভিতরে ডিম পাড়ে।
- ডিম থেকে কীড়া বের হয়ে ফলের শাঁস খেয়ে বড় হতে থাকে, আক্রান্ত ফল পচে যায় ও খাওয়ার অনুপোযুক্ত হয়ে পড়ে।
- বেঁচে থাকা আক্রান্ত ফল বিকৃত হয়ে যায়, ঠিকমত বাড়তে পারে না, ফলে বাজার দর একদম কমে যায়।
- প্রায় সারাবছরই মাছি পোকার আক্রমণ লক্ষ্য করা যায় তবে বর্ষাকালে এরা বেশি আক্রমণ করে থাকে।

#### দমন ব্যবস্থাপনা (Control measure)

- মাছি পোকার কীড়া আক্রান্ত ফলসমূহ সংগ্রহ করে মাটির ১ ফুট নিচে পুতে ফেলতে হবে। প্রতি সপ্তাহে কাজটি নিয়মিত করতে হবে।
- চিচিঙ্গা ফসলের জমিতে গাছে ফুল আসার পূর্বে সেক্স ফেরোমন ফাঁদ ১২ মিটার দূরে দূরে স্থাপন করতে হবে। ৪-৫ দিন পর পর ফাঁদের সাবান পানি পরিবর্তন করে দিতে হবে।
- হলুদ আঠালো ফাঁদ ২৫ মিটার দূরে দূরে ঝুলিয়ে দিতে হবে।
- পুরুষ মাছি পোকা আকর্ষণ করার জন্য কিউলিউর ফেরোমন ও জৈব বালাইনাশক মিশ্রিত জেল বা পেস্টের মত একটি পদার্থ ক্ষেতের সীমানা লাইনে অবস্থিত গাছের লতানো কাণ্ডে বা মাচার বাঁশে (মাটি হতে ২-৩ ফুট ওপরে) ১০-১২ মিটার দূরে দূরে অল্প পরিমাণে লাগিয়ে দিতে হবে।
- স্ত্রী মাছি পোকাকে আকৃষ্ট করে মেরে ফেলার জন্য জমির ভিতরের গাছ গুলোতে ১০-১২ মিটার দূরে দূরে জৈব বালাইনাশক মিশ্রিত এক প্রকার পোকার খাবারসহ একটি ফাঁদ গাছের লতায় বা মাচার বাঁশে ঝুলিয়ে দিতে হবে।

### ৩.৭.২ পামকিন বিটল (Red pumpkin beetle)

**বৈজ্ঞানিক নামঃ** *Aulacophora foveicollis* (Coleoptera: Chrysomelidae)

#### ক্ষতির ধরণ (Nature of damage)



চিত্রঃ পামকিন বিটল

- লাল ও নীল দুই ধরনের পামকিন বিটল দেখা যায় এর মধ্যে লালটিই বেশি ক্ষতি করে।
- স্ত্রী পোকা একটি একটি করে অথবা একত্রে গাছের গোড়ায় ডিম পাড়ে। ডিম থেকে কীড়া বের হয়ে শিকড়ে প্রবেশ করে।
- কীড়া খাওয়া শেষ করে শিকড় থেকে বের হয়ে মাটিতে পুত্তলিতে পরিণত হয়।
- গ্রীষ্মকালে এই পোকার আক্রমণ বেশি হয়।
- পামকিন বিটল চারা অবস্থায় সবচেয়ে বেশি ক্ষতি করে থাকে।
- পূর্ণ বয়স্ক পোকা গাছের পাতায় ফুটো করে এবং কিনারা থেকে খেতে খেতে সম্পূর্ণ পাতা খেয়ে ফেলে।
- এই পোকা ফুল এবং কচি ফলেও আক্রমণ করে থাকে।
- পামকিন বিটল এর কীড়াসমূহ গাছের শিকড়ে আক্রমণ করে ফলে গাছ নেতিয়ে পরে এবং এক পর্যায়ে গাছ মারা যেতে পারে।

#### দমন ব্যবস্থাপনা (Control measure)

- চারা অবস্থায় আক্রান্ত হলে হাত দিয়ে পূর্ণবয়স্ক পোকা ধরে মেরে ফেলতে হবে।
- জমি সব সময় পরিষ্কার পরিছন্ন রাখতে হবে।
- চারা বের হওয়ার পর থেকে ২০-২৫ দিন পর্যন্ত মশারির জাল দিয়ে চারাগুলো ঢেকে রাখলে এ পোকার আক্রমণ থেকে গাছ রক্ষা করা যায়।
- হলুদ রঙের ফাঁদ চারা রোপণের ২-৩ সপ্তাহ পরে ১৫-২০ মিটার দূরে দূরে স্থাপন করতে হবে।
- জৈব বালাইনাশক Celastrus angulatus 1% EV (বায়োচমক) ২.৫ মিলি/লি. পানি হারে গাছে ১ সপ্তাহ অন্তর ৩-৪ বার স্প্রে করতে হবে। আক্রমণের মাত্রা বেশি হলে ক্লোরান্ট্রানিপ্রোল ১৮.৫% এসসি (কোরাজেন) বা ০.৫ মিলি/লি. পানি ১০-২দিন অন্তর প্রয়োগ করা যেতে পারে।
- রাগবি ১০ জি প্রতি মাদায় ৫ গ্রাম হারে প্রয়োগ করতে হবে।

### ৩.৭.৩ এপিল্যাকনা বিটল (Epilachna beetle)

**বৈজ্ঞানিক নামঃ** *Epilachna* sp. (Coleoptera: Coccinellidae)

#### ক্ষতির ধরন (Nature of damage)



চিত্রঃ এপিল্যাকনা বিটল

- পূর্ণাঙ্গ স্ত্রী পোকা পাতার নীচে গুচ্ছাকারে হলুদ রঙের ডিম পাড়ে।
- ডিম থেকে কীড়া (গ্রাব) বের হয়ে পাতার উপত্বক খেয়ে পাতাকে জালিকাকার করে ফেলে।
- পূর্ণাঙ্গ ও গ্রাব উভয়ই চিচিঙ্গা পাতার উপত্বক খেয়ে পাতাকে জালিকাকার করে ফেলে।
- এদের আক্রমণে অনেক সময় পাতা ক্লোরোফিল শূন্য হয়ে পড়ে এবং একপর্যায়ে গাছ মারা যেতে পারে।

#### দমন ব্যবস্থাপনা (Control measure)

- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে এবং আক্রান্ত পাতা কীড়াসমেত সংগ্রহ করে ধ্বংস করতে হবে।
- নিম তেল ৫ মিলি + ৩ মিলি ট্রিকস প্রতি লিটার পানিতে মিশিয়ে ১০-১২ দিন অন্তর ২-৩ বার প্রয়োগ করা যেতে পারে।
- প্রাকৃতিক শত্রু পোকা (Natural enemy) সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- জৈব বালাইনাশক যেমনঃ স্পিনোসেড ২.৫ এসসি (সাকসেস) ১.২ মিলি/লি. পানি হারে অথবা *Celastrus angulatus* 1% EW (বায়োচমক) ২.৫ মিলি/লি. পানি হারে গাছে ১ সপ্তাহ অন্তর ৩-৪ বার স্প্রে করতে হবে।
- আক্রমণের মাত্রা বেশি হলে ক্লোরানট্রানিপ্রোল ১৮.৫% এসসি (কোরাজেন) ০.৫ মিলি/লি. পানি হারে ১০-১২ দিন অন্তর ২-৩ বার অথবা সাইপারমিথ্রিন ১০ ইসি ১ মিলি/লি. পানি হারে ১০-১২ দিন অন্তর ২-৩ বার প্রয়োগ করা যেতে পারে।

### ৩.৮ । প্রধান প্রধান রোগ দমন ব্যবস্থাপনা (Management of major diseases)

### ৩.৮.১ পাউডারি মিলডিউ (Powdery mildew)

**রোগের কারণ:** *Erysiphe* প্রজাতির ছত্রাক।

**রোগের লক্ষণ (Symptoms)**



চিত্র: চিচিঙ্গার পাউডারি মিলডিউ রোগ

- পাতার উভয় পাশে প্রথমে সাদা সাদা পাউডার বা গুড়ার মতো দেখা যায়।
- ধীরে ধীরে এ দাগগুলো বড় ও বাদামি হয়ে শুকিয়ে যায় এবং গাছ বেশ দুর্বল হয়ে পড়ে।
- কোন একটি লতার পাতায় আক্রমণ বেশি হলে ধীরে ধীরে সেই লতা ও পরে পুরো গাছই মারা যেতে পারে।
- আক্রমণ বেশি হলে ফল ঝরে যেতে পারে এবং গাছ মারা যেতে পারে।
- আগাম চাষ করলে এ রোগের লক্ষণ বেশি দেখা যায়।

**দমন ব্যবস্থাপনা (Control measure)**

- জমির আশে পাশে কুমড়া জাতীয় অন্য যে কোন রকমের সবজি চাষ থেকে বিরত থাকা।
- আক্রান্ত পাতা ও গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলা।
- শস্যপর্যায় অবলম্বন করতে হবে।
- রোগের আক্রমণ দেখা দেওয়ার সাথে সাথে সালফার গ্রুপের ছত্রাক নাশক যেমন: থিওভিট বা সালফোলাক্স/কুমুলাস ২ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে অথবা বোর্দোমিক্সার (প্রতি লিটার পানিতে ১০০ গ্রাম তুঁতে ও ১০০ গ্রাম চুন) ১০ দিন পর পর ৩ বার স্প্রে করে এ রোগ নিয়ন্ত্রণ করা।

### ৩.৮.২ অ্যানথ্রাকনোজ বা ফল পচা (Anthracnose/fruit rot)

**রোগের কারণঃ** *Colletotrichum* প্রজাতির ছত্রাকের আক্রমণে এ রোগ হয়ে থাকে।

**রোগের লক্ষণ (Symptoms)**

- পাতায় গোলাকৃতি দাগ দেখা যায়। বৃষ্টিতে পাতার পচন লক্ষ্য করা যায়।
- প্রথমে ছোট কালো দাগ যার মধ্যাংশ ছত্রাকের মাইসেলিয়াম ও অণুজীব দ্বারা ঢাকা থাকে।
- আক্রান্ত ফলের বীজও ছত্রাক দ্বারা আক্রান্ত হয়।
- বীজের অঙ্কুরোদগম ক্ষমতা কমে যায়।



চিত্রঃ চিচিঙ্গার অ্যানথ্রাকনোজ বা ফলপচা রোগ

**দমন ব্যবস্থাপনা (Control measure)**

- রোগ প্রতিরোধী জাত চাষ করতে হবে যেমন- হাইব্রীডঃ পদ্মা, রানার, বুমবার ইত্যাদি।
- কুমড়া জাতীয় ফসল ছাড়া শস্য পর্যায় অবলম্বন করতে হবে।
- ফসলের পরিত্যক্ত অংশ একত্র করে পুড়ে ফেলতে হবে।
- রোগমুক্ত ভাল বীজ ব্যবহার করতে হবে।
- অ্যানথ্রাকনোজ রোগ মূলত বীজবাহিত রোগ। তাই কার্বেন্ডাজিম গ্রুপের ছত্রাকনাশক (যেমনঃ অটোস্টিন ৫০ ডব্লিউডিজি/কাজিম ৮০ ডব্লিউজি ) অথবা কার্বোক্সিন + থিরাম গ্রুপের ছত্রাকনাশক (যেমনঃ প্রোভ্যাক্স ২০০ ডব্লিউপি) প্রতি কেজি বীজে ২.০ গ্রাম হারে মিশিয়ে বীজ শোধন করতে হবে।
- মাটিতে পটাসিয়ামের অভাব থাকলে এ রোগের প্রাদুর্ভাব বেশি হয়। তাই জমিতে পরিমিত পটাশ সার প্রয়োগ করতে হবে।
- রোগ দেখা দেয়ার সাথে সাথে কার্বেন্ডাজিম গ্রুপের ছত্রাকনাশক (যেমনঃ অটোস্টিন ৫০ ডব্লিউডিজি/ কাজিম ৮০ ডব্লিউজি) প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে ৭-১০ দিন পর পর ২-৩ বার গাছের পাতা ও ডালপালায় ভালভাবে স্প্রে করতে হবে।

### ৩.৮.৪ শিকড়ের গিট কৃমি (Root knot nematode) রোগ

**রোগের কারণঃ** *Meloidogyne incognita* and *M. javanica* নামক কৃমির দ্বারা এ রোগ হয়ে থাকে।

**রোগের লক্ষণ (Symptoms)**

- এ রোগ চারা অবস্থা থেকেই শুরু হয়।
- মাটিতে অবস্থানকারী কৃমির আক্রমণের ফলে আক্রান্ত স্থানের কোষসমূহ দ্রুত বৃদ্ধি পায় ও ঐ স্থান স্ফীত হয়ে নট বা গিটের সৃষ্টি করে।
- আক্রান্ত গাছের বৃদ্ধি স্বাভাবিকের তুলনায় কম হয়।
- আক্রান্ত গাছ দুর্বল, খাট ও হলদেটে হয়ে যায়।
- গাছের গোড়ার মাটি সরিয়ে শিকড়ে গিঁটের উপস্থিতি দেখে সহজেই এ রোগ শনাক্ত করা যায়।
- চারা গাছ আক্রান্ত হলে সমস্ত শিকড় নষ্ট হয়ে যায় ও দিনের বেলায় গাছ ঢলে পড়ে।
- ফুল ও ফল ধারণ ক্ষমতা একেবারেই কমে যায়।



চিত্র: শিকড় গিট রোগের লক্ষণ

**দমন ব্যবস্থাপনা (Control measure)**

- ফসল সংগ্রহের পর অবশিষ্টাংশ পুড়ে ফেলতে হবে।
- চারা লাগানোর কমপক্ষে ৩ সপ্তাহ পূর্বে প্রতি গর্তে/মাদায় ১.২ কেজি পচা মুরগীর বিষ্ঠা অথবা ২৫০ গ্রাম সরিষা/নিমের খৈল প্রয়োগ করে তা পানি প্রয়োগের মাধ্যমে পচাতে হবে অথবা চারা রোপণের এক সপ্তাহ আগে ট্রাইকো-কম্পোস্ট প্রতি গর্তে/মাদায় ১ কেজি হারে মাটিতে ভালভাবে মিশিয়ে দিতে হবে।
- চারা লাগানোর সময় প্রতি গর্তে/মাদায় ৫ গ্রাম হারে কেডুসাফস ১০% (রাগবি ১০ জি) মাটির সাথে ভালভাবে মিশিয়ে চারা রোপণ করে হালকা সেচ দিতে হবে।
- চারা লাগানোর পর গাছে ফুল আসার এক সপ্তাহ পূর্বে পুনরায় প্রতি মাদায় গাছের চারদিকে রিং করে ৫ গ্রাম হারে কেডুসাফস ১০% (রাগবি ১০ জি) মাটির সাথে ভালভাবে মিশিয়ে হালকা সেচ দিতে হবে।

### ৩.৯। ফসল সংগ্রহ এবং সংগ্রহত্তোর ব্যবস্থাপনা (Crop Harvest and Post-harvest Management)

৩.৯.১ মাটি থেকে সংক্রমণের যথেষ্ট ঝুঁকি বিদ্যমান থাকায় চিচিঙ্গা সংগ্রহ করে ও চিচিঙ্গা ভর্তি পাত্রসমূহ মাটির সংস্পর্শে রাখা যাবে না। গুরুত্বপূর্ণ

৩.৯.২ যন্ত্রপাতি, পাত্র ও অন্যান্য উপাদান এবং ব্যবস্থাপনা যা উৎপাদিত চিচিঙ্গার সংস্পর্শে আসবে তা এমনভাবে তৈরি হতে হবে যাতে চিচিঙ্গা কোনভাবে সংক্রমিত না হয় এবং সহজেই পরিষ্কার করা যায়। গুরুত্বপূর্ণ

৩.৯.৩ চিচিঙ্গার সংক্রমণ সীমিত রাখার জন্য যন্ত্রপাতি ও পাত্রসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ করা এবং রাসায়নিক বালাইনাশক, সার ও মাটির উপযোগ থেকে সংক্রমণ এড়ানোর জন্য পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.৪ সঠিক পরিমাপ নিশ্চিত করার জন্য উৎপাদনকারী কর্তৃক মানসম্পন্ন পরিমাপ যন্ত্র/নিক্তি ব্যবহার করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.৫ বাছাই, গ্রেডিং, প্যাকেজিং, হ্যান্ডলিং এবং সংরক্ষণের জন্য নির্মিত স্থান ও অবকাঠামো এমনভাবে তৈরি ও রক্ষণাবেক্ষণ করা যাতে চিচিঙ্গার সংক্রমণ ঝুঁকি এড়ানো সম্ভব হয়। গুরুত্বপূর্ণ

৩.৯.৬ চিচিঙ্গাকে সংক্রমণ থেকে রক্ষার জন্য উৎপাদন, হ্যান্ডলিং, প্যাকেজিং ও সংরক্ষণের স্থান থেকে গ্রিজ, তেল, জ্বালানি ও কৃষি যন্ত্রপাতি পৃথক রাখতে হবে এবং প্যাকেজিং ও হ্যান্ডলিং এর কাজ করার সময় সেগুলো ব্যবহার না করা। সাধারণ

৩.৯.৭ নর্দমার ময়লা, বর্জ্য অপসারণ ও নিষ্কাশন নালা এমনভাবে নির্মাণ করতে হবে যাতে উৎপাদনের স্থান এবং পানি সরবরাহে সংক্রমণ এড়ানো সম্ভব হয়। গুরুত্বপূর্ণ

৩.৯.৮ প্যাকিং হাউজ অথবা সংরক্ষণাগারের আলো ব্যবহারের জন্য উপযুক্ত বাতি ব্যবহার করতে হবে। সাধারণ

৩.৯.৯ প্যাকেজিং, হ্যান্ডলিং, সংরক্ষণ স্থান এবং যন্ত্রপাতি নিয়মিত পরিস্কার ও জীবাণুমুক্ত করার ক্ষেত্রে অনুমোদিত রাসায়নিক দ্রব্য ব্যবহার করতে হবে যাতে চিচিঙ্গাতে সংক্রমণ না ঘটে। সাধারণ

৩.৯.১০ গৃহপালিত ও খামারের প্রাণীকে ফসলি জমি ও তার পার্শ্ববর্তী স্থান এবং হ্যান্ডলিং, প্যাকেজিং ও সংরক্ষণ স্থান থেকে দূরে রাখতে হবে। সাধারণ

৩.৯.১১ বালাই নিয়ন্ত্রণে টোপ (Bait) এবং ফাঁদ (Trap) এমনভাবে ব্যবহার করা যাতে চিচিঙ্গাতে সংক্রমণ এড়ানো সম্ভব হয়। টোপ ও ফাঁদ ব্যবহারের স্থান চিহ্নিত করে রাখতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.১২ স্বাস্থ্যবিধির অনুশীলনীয় নির্দেশনাসমূহ লিখিতরূপে কর্মীদের প্রদান এবং গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন করতে হবে। সাধারণ

৩.৯.১৩ কর্মীদের ব্যবহারের জন্য চিচিঙ্গা প্রক্রিয়াকরণ স্থান হতে দূরবর্তী স্থানে স্বাস্থ্যসম্মত টয়লেট ও হাত ধৌত করার ব্যবস্থা রাখতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.১৪ কর্মীদের টয়লেট/নর্দমার বর্জ্যসমূহ এমনভাবে অপসারণ করা যাতে উৎপাদিত চিচিঙ্গাতে প্রত্যক্ষ বা পরোক্ষ সংক্রমণ না ঘটে। গুরুত্বপূর্ণ

৩.৯.১৫ চিচিঙ্গা পরিশোধন ও ধৌতকরণে দূষণমুক্ত ও সুপেয় পানি ব্যবহার করা এবং ব্যবহৃত পানি নিয়মিত পরিবর্তন করতে হবে যাতে চিচিঙ্গা ক্ষতিকর জীবাণু দ্বারা সংক্রমিত না হয়। অতি গুরুত্বপূর্ণ

৩.৯.১৬ সংগ্রহোত্তর পর্যায়ে রাসায়নিকের ব্যবহার ও ওয়াক্সিং (Waxing) প্রয়োগবিধি যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও অনুমোদনের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.৯.১৭ আমদানিকারক দেশ কর্তৃক চাহিদা মোতাবেক চিচিঙ্গার সুনির্দিষ্ট পরীক্ষা অন্তর্ভুক্ত করতে হবে। সাধারণ

৩.৯.১৮ রাসায়নিক, জীবজ/জীবঘটিত অথবা ভৌত সংক্রমণ হতে পারে এমন দ্রব্যাদি থেকে চিচিঙ্গা আলাদাভাবে সংরক্ষণ ও পরিবহন করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.১৯ চিচিঙ্গা ঠাণ্ডাস্থানে সংরক্ষণ ও অতিরিক্ত চিচিঙ্গা স্তুপ না করা এবং পরিবহনের সময় আর্দ্রতা সংরক্ষণের জন্য আচ্ছাদন ব্যবহার করতে হবে। সাধারণ

৩.৯.২০ পরিবহনের জন্য ব্যবহৃত বাহন পরিচ্ছন্ন রাখা এবং ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা। চিচিঙ্গা বোঝাই এর পূর্বে পরিচ্ছন্নতা, রাসায়নিক নির্গমন, অন্য বস্তুর অস্তিত্ব এবং রোগ ও পোকামাকড়ের অস্তিত্ব আছে কিনা তা শনাক্ত করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.৯.২১ ফসল পরিপক্কতার সূচক অনূযায়ী উপযুক্ত সময়ে সংগ্রহ করতে হবে। চিচিঙ্গা সংগ্রহের জন্য উপযুক্ত সময় হলো দিনের সবচেয়ে ঠাণ্ডা সময়, যেমনঃ সকাল বেলা। গুরুত্বপূর্ণ

৩.৯.২২ চিচিঙ্গা সংগ্রহের জন্য উপযুক্ত যন্ত্রপাতি, সংগ্রহ পাত্র ও অন্যান্য উপকরণ সংগ্রহ এবং ব্যবহারের পূর্বে পরিষ্কার করে নিতে হবে। পাত্রে অতিরিক্ত চিচিঙ্গা ভর্তি করা যাবে না। অমসৃণ উপরিভাগে সঠিক আবরণ দ্বারা আচ্ছাদিত করতে হবে। চিচিঙ্গার আর্দ্রতা রক্ষায় পাত্র ঢেকে রাখতে হবে। একটির ওপর আরেকটি পাত্র স্তুপ করে রাখা যাবে না বরং এমনভাবে রাখতে হবে যাতে চিচিঙ্গার ক্ষতি এড়ানো সম্ভব হয়। গুরুত্বপূর্ণ

৩.৯.২৩ হ্যান্ডলিং/প্যাকিং/মজুদ স্তরে গুণগতমান হ্রাস ও রোগবালাই প্রতিরোধে যথাযথ শোধন ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.৯.২৪ চিচিঙ্গা যতদ্রুত সম্ভব গন্তব্যস্থানে নেয়ার ক্ষেত্রে যদি অনেক সময় পরিবহনের জন্য অপেক্ষা করতে হয়, সেক্ষেত্রে চিচিঙ্গা উপযোগী তাপমাত্রায় মজুদ রাখতে হবে। গুরুত্বপূর্ণ

## ৩.১০। চিচিঙ্গার সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ (Postharvest Management and Marketing of Snake Gourd)

### ৩.১০.১ বাছাইকরণ ও গ্রেডিং (Sorting and Grading)

সংগ্রহের পর রোগ ও পোকাক্রান্ত, আঘাতপ্রাপ্ত, অধিক পরিপক্ক ও বিকৃত চিচিঙ্গা বাছাই করতে হবে। অতঃপর আকার, আকৃতি এবং গুণগতমান অনুযায়ী গ্রেডিং করতে হবে। সোজা, কচি/সতেজ ও ক্ষতবিহীন চিচিঙ্গা উন্নত মানের হিসেবে বিবেচনা করা হয়। গ্রেডিং করলে অধিক মূল্য পাওয়া যায় এবং রপ্তানিতে সুবিধা হয়।

### ৩.১০.২ প্যাকেজিং (Packaging)

বাজারজাতকরণের জন্য প্যাকেজিং একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্যাকেজিং এর সময় লক্ষ্য রাখতে হবে যেন ফলের ওপর অতিরিক্ত চাপ না পড়ে এবং যথেষ্ট বায়ু চলাচল করতে পারে। সাধারণত ছিদ্রযুক্ত প্লাস্টিকের ক্রেটস অথবা কার্টন বক্সে সাদা লাইনার কাগজ দিয়ে প্যাকিং করা হয় যাতে চিচিঙ্গা সতেজ/ভালো থাকে। ক্রেটস অথবা কার্টন বক্সের মুখ ভালোভাবে ঢেকে দিতে হবে।

### ৩.১০.৩ সংরক্ষণ (Storage)

নিয়ন্ত্রিত তাপমাত্রা ও আর্দ্রতায় চিচিঙ্গা সংরক্ষণ করতে হবে। সাত থেকে দশ দিন সংরক্ষণের জন্য আদর্শ তাপমাত্রা ১০-১২ ডিগ্রি সেলসিয়াস এবং আপেক্ষিক আর্দ্রতা ৮৫-৯০%। ছায়া ও বায়ু চলাচলযুক্ত স্থানে চিচিঙ্গা রাখতে হবে। কোন অবস্থাতেই অন্যান্য সবজি বা ফলের সাথে সংরক্ষণ করা যাবে না।

### ৩.১০.৪ পরিবহন (Transportation)

পরিবহনের সময় চিচিঙ্গায় অতিরিক্ত চাপ ও আঘাত না লাগে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। সকালে বা বিকেলে ঠাণ্ডা সময়ে পরিবহন করাই উত্তম। ক্রেটস বা ঝুড়িতে দুই বা ততোধিক স্তরে চিচিঙ্গা সাজিয়ে পরিবহন করলে ক্ষতি কম হয়। দূরবর্তী স্থানে পরিবহনের জন্য শীতাতপ নিয়ন্ত্রিত গাড়ী ব্যবহার করা উত্তম যাতে চিচিঙ্গার গুণগতমান ও রং বজায় থাকে।

### ৩.১০.৫ বাজারজাতকরণ (Marketing)

প্রধানত গ্রামীণ হাট, স্থানীয় বাজার, শহরের পাইকারি বাজার এবং সুপারশপে চিচিঙ্গা বিক্রয় করা হয়। উন্নতমানের চিচিঙ্গা যেমন: আকর্ষণীয় রং, সোজা ও সতেজ অবস্থায় শহরের বাজারে ও হোটেল-রেস্টুরেন্টে অধিক মূল্যে বিক্রয় হয়। বর্তমানে উন্নত মানের চিচিঙ্গার চাহিদা বাড়ছে, যা কৃষকদের জন্য বড় সুযোগ সৃষ্টি করছে। মধ্যপ্রাচ্য ও ইউরোপ প্রবাসী বাংলাদেশীদের মাঝে চিচিঙ্গা রপ্তানির সুযোগ দিন দিন বাড়ছে। এক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী চিচিঙ্গা উৎপাদন, সংগ্রহ, প্যাকেজিং এবং শীতাতপ নিয়ন্ত্রিত পরিবহন ব্যবস্থা নিশ্চিত করা দরকার। উত্তম কৃষি চর্চা অনুসরণ করে উন্নত ও সংগঠিত বাজার ব্যবস্থাপনার মাধ্যমে চিচিঙ্গার নায্যমূল্য প্রাপ্তি এবং নিরাপদ খাদ্য সহজলভ্য হবে।

## ৩.১১। সন্ধানযোগ্যতা ও পণ্য প্রত্যাহার করা (Traceability and Recall)

৩.১১.১ চিচিঙ্গা উৎপাদনের স্থানকে একটি নাম বা কোড দ্বারা চিহ্নিত করা এবং স্থানের মানচিত্রের রেকর্ড রাখতে হবে। গুরুত্বপূর্ণ

৩.১১.২ উৎপাদিত চিচিঙ্গা প্যাকেটের গায়ে একটি কোড Bangladesh GAP Number (BGN) দ্বারা শনাক্ত করতে হবে এবং শনাক্তকরণ চিহ্ন চিচিঙ্গার গায়ে ভালোভাবে লাগাতে হবে। গুরুত্বপূর্ণ

৩.১১.৩ প্রতিটি চিচিঙ্গার চালানে সরবরাহের তারিখ, চিচিঙ্গার জাত ও পরিমাণ এবং গন্তব্য স্থানের বিবরণের রেকর্ড সংরক্ষণ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.১১.৪ চিচিঙ্গার সংক্রমণ শনাক্ত হলে বা সংক্রমণ হওয়ার সম্ভাবনা দেখা দিলে তা পৃথক করে রাখা এবং বিক্রয়ের পরে শনাক্ত হলে ভোক্তাদেরকে দ্রুত অবহিত ও প্রত্যাহারের ব্যবস্থা করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.২২.৯ GAP মানদণ্ড অনুসরণের জন্য দলের প্রত্যেকের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১০ উৎপাদক দলের অনুমোদন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সুনির্দিষ্ট করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১১ দল প্রত্যয়ন ব্যবস্থাপনার কাজে সংশ্লিষ্ট মূল ব্যক্তিবর্গ যথা: মান ব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিরীক্ষক, প্রশিক্ষক এবং দল ব্যবস্থাপকের জ্ঞান ও দক্ষতা মূল্যায়ন করবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১২ দলকে নিশ্চিত হতে হবে যে, GAP প্রত্যয়নে দায়িত্বপ্রাপ্ত প্রত্যেকে যথেষ্ট দক্ষ এবং প্রয়োজনীয়তা অনুযায়ী কার্যক্রম পরিচালনায় সক্ষম। গুরুত্বপূর্ণ

৩.২২.১৩ GAP প্রয়োজনীয়তার আলোকে দলের সুনির্দিষ্ট কর্মীদের জ্ঞান ও দক্ষতা নির্ধারণ করা, প্রশিক্ষণ ও শিক্ষাগত যোগ্যতা লিপিবদ্ধ রাখতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১৪ দলকে নিশ্চিত হতে হবে যে, অভ্যন্তরীণ পরিদর্শকগণ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ায় যোগ্যতা সম্পন্ন। গুরুত্বপূর্ণ

৩.২২.১৫ দল কর্তৃক নিবন্ধিত সদস্য এবং দায়িত্বপ্রাপ্ত সদস্যদের জন্য প্রত্যয়ন পরিধি (Scope of certification), ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, নীতিমালা এবং কর্ম পদ্ধতির সমন্বয়ে মান ম্যানুয়াল তৈরি করতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.২২.১৬ চিচিঙ্গা উৎপাদকের GAP/অন্যান্য প্রয়োজনীয়তাসমূহ নিশ্চিত করা যাতে মান ম্যানুয়াল নির্দেশিকা নির্দিষ্ট সময়ান্তে পর্যালোচনা এবং হালনাগাদ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১৭ দল কর্তৃক GAP অনুসরণ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি, বিতরণ ও আইনগত সংস্কার এবং সচেতনতা বৃদ্ধি নিশ্চিত করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.১৮ সকল ডকুমেন্টই দলের নিয়ন্ত্রণাধীন থাকতে হবে। অতি গুরুত্বপূর্ণ

৩.২২.১৯ GAP পরিকল্পের প্রয়োজন অনুযায়ী সকল ডকুমেন্টের একটি মূল তালিকা (Master list) থাকতে হবে যাতে মান ম্যানুয়াল, কার্যপদ্ধতি, নির্দেশনা, রেকর্ড ফরম্যাটসমূহ এবং বিভিন্ন উৎস হতে প্রাপ্ত ডকুমেন্ট অন্তর্ভুক্ত থাকতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২০ কার্যকরী ডকুমেন্ট ব্যবহারের ক্ষেত্রে ডকুমেন্ট সহজলভ্য হতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২১ ভিন্ন উৎসের ডকুমেন্ট ব্যবহারের জন্য একটি পদ্ধতি থাকতে হবে, যদি এটি তাদের পরিচালনার অংশ হয়ে থাকে। সাধারণ

৩.২২.২২ GAP সংশ্লিষ্ট অভিযোগসমূহ হ্যান্ডলিং এর জন্য একটি পদ্ধতি থাকতে হবে। যাতে অভিযোগ গ্রহণ, নিবন্ধন, সমস্যা শনাক্তকরণ, কারণ বিশ্লেষণ, সমাধান এবং ধারাহিকতা অন্তর্ভুক্ত থাকবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২৩ অভিযোগ নিষ্পত্তির সময় নির্ধারিত থাকতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২৪ অভিযোগ সংক্রান্ত রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২৫ প্রযোজ্য ক্ষেত্রে গোপনীয়তা রক্ষার বিধিবিধান থাকতে হবে। গুরুত্বপূর্ণ

৩.২২.২৬ প্রত্যেক সদস্য যাতে GAP এবং উৎপাদক দলের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির প্রয়োজনীয়তাসমূহ অনুসরণ করে তার একটি নিরীক্ষা পদ্ধতি থাকতে হবে। অতি গুরুত্বপূর্ণ

